

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
উন্নয়ন ও কারিগরি সেবা শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.১১১.৩৮.০০১.২৪.১৯

তারিখ: ১০ মাঘ ১৪৩০

২৪ জানুয়ারি ২০২৪

অফিস আদেশ

খাদ্য অধিদপ্তরাধীন বিভিন্ন এলএসডি/সিএসডি/অন্যান্য স্থাপনায় ব্যবহৃত যন্ত্রপাতি/মালামাল (বিভিন্ন প্রকার স্কেল ও এর খুচরা যন্ত্রাংশ, অর্দ্রতাপক যন্ত্র, গ্যাসপ্রুফ(জিপি)শিট, ডানেজ, ইত্যাদি) দীর্ঘদিন ব্যবহারের ফলে আয়ুষ্কাল শেষ হয়ে যায়/ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ে। বর্গিত ব্যবহার অনুপযোগী মালামাল দীর্ঘদিন বিভিন্ন স্থাপনায় পড়ে থাকার ফলে পোকামাকড়, মরিচা পড়া, ঘুণে ধরা এবং জায়গা স্বেচ্ছতার সৃষ্টি হয়। ব্যবহার অনুপযোগী মালামাল দীর্ঘদিন ফেলে রাখলে উক্ত মালামাল বিক্রি বাবদ সরকারের আর্থিক ক্ষতির সম্ভাবনা রয়েছে। ফলে মাঠ পর্যায়ের স্থাপনাসমূহের ব্যবহারের অনুপযোগী মালামাল নিষ্পত্তি করণের মাধ্যমে স্থাপনাসমূহের কর্মপরিবেশের উন্নতি এবং সরকারের আয় বৃদ্ধির বিষয় বিবেচনায় জেলাভিত্তিক খাদ্য অধিদপ্তরাধীন এলএসডি/সিএসডি/অন্যান্য স্থাপনার অকেজো যন্ত্রপাতি/মালামাল (বিভিন্ন প্রকার স্কেল ও এর খুচরা যন্ত্রাংশ, অর্দ্রতাপক যন্ত্র, গ্যাসপ্রুফ (জিপি)শিট, ডানেজ, ইত্যাদি) আর্থিক ক্ষমতা অর্পন-২০১৫ এর ক্রমিক-৬(গ) অনুসারে নিষ্পত্তি করার লক্ষ্যে ব্যবহার অনুপযোগী যন্ত্রপাতি/মালামালের তালিকা প্রণয়ন, অকেজো ঘোষণাকরণ ও সংরক্ষিত মূল্য নির্ধারণের জন্য নিম্নোক্তভাবে জেলাভিত্তিক কমিটি গঠন করা হলোঃ

১।	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সংশ্লিষ্ট বিভাগ);	-	আহ্বায়ক
২।	পরিদর্শন, উন্নয়ন ও কারিগরি সেবা বিভাগের একজন প্রতিনিধি (উপপরিচালক এর নিম্নে নয়);	-	সদস্য
৩।	সংশ্লিষ্ট জেলার নিকটবর্তী সাইলোর একজন প্রতিনিধি (সহকারী রক্ষণ প্রকৌশলীর নিম্নে নয়);	-	সদস্য
৪।	সংশ্লিষ্ট বিভাগের সহকারী রসায়নবিদ;	-	সদস্য
৫।	সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক।	-	সদস্য সচিব

কমিটির কার্যপরিধিঃ

- ১। সংশ্লিষ্ট জেলার এলএসডি/সিএসডি/অন্যান্য স্থাপনার ব্যবহার অনুপযোগী যন্ত্রপাতি/মালামালের (বিভিন্ন প্রকার স্কেল ও এর খুচরা যন্ত্রাংশ, অর্দ্রতাপক যন্ত্র, গ্যাসপ্রুফ(জিপি) শিট, ডানেজ, ইত্যাদি) তালিকা প্রণয়ন ও অকেজো ঘোষণাকরণ;
- ২। অকেজো ঘোষিত মালামালের সংরক্ষিত মূল্য নির্ধারণ;
- ৩। প্রাসঙ্গিক অন্যান্য সুপারিশ।

২৮-১-২০২৪

মো: শাখাওয়াত হোসেন

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: +৮৮-০২-২২৩৩৫৪৮৩৪

ফ্যাক্স: +৮৮০-২-৯৫৫৬০৬৭

ইমেইল: dg@dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.১১১.৩৮.০০১.২৪.১৯/১(৮৯)

তারিখ: ১০ মাঘ ১৪৩০

২৪ জানুয়ারি ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক(সকল), খাদ্য অধিদপ্তর
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)
- ৪) সাইলো অধীক্ষক(সকল)
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর(খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৭) উপপরিচালক, উন্নয়ন ও কারিগরি সেবা শাখা, খাদ্য অধিদপ্তর
- ৮) সহকারী রসায়নবিদ, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,..... বিভাগ।



২৮-১-২০২৪

মোঃ তাজল ইসলাম
পরিচালক (চলতি দায়িত্ব)